গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজস্ব শাখা)
কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd

স্মারক নং : ৩১.১২.৪৮০০.০০৭.১০.০২৫.২২-১৮২৭ — তারিখ: ২৬ /০৭/ ২০২২ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ২৭ জুন ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৫.১৯-২১৪, ২১৫ ও ২২৬ সংখ্যক স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন এস এ শাখা, এল এ শাখা ও ১৩টি উপজেলা ভূমি অফিস কার্যালয়সমূহে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল ,২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (http://dckishoreganj.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | ড্রাফটসম্যান | ০২ (দুই)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৫ ৯,৭০০-২৩,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। |
| ০২. | নাজির কাম ক্যাশিয়ার | ১৩ (তেরো)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৩. | সার্টিফিকেট পেশকার | ১২ (বারো)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৪. | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | ১২ (বারো)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৫. | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | ১২ (বারো)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৬. | গাড়ীচালক | ১৩ (তেরো)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সসহ যানবাহন চালনায় পারদর্শী। |
| ০৭. | ট্রেসার | ০২ (দুই)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৮. | অফিস সহায়ক | ৬১ (একষট্টি)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯. | নিরাপত্তা প্রহরী | ০৩ (তিন)টি (স্থায়ী রাজস্ব) | গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ৩০/০৯/২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
(ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
(গ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার সন্তানাদির ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
(ঘ) বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

০৪। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

০৫। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৬। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৭। চাকুরীর জন্য আবেদন অনলাইনে আগামী ০১/০৯/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ৩০/০৯/২০২২ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন করা হবে।

০৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি/বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তাঁর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক-ছ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে (মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে দুটি) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/ সাময়িক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদসহ)।
খ) জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য সনদ।
গ) কোটার স্বপক্ষে প্রার্থীর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র। যেমন-
i) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত ( মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকায় নামের প্রমাণকসহ)। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
ii) প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ। এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র।
iii) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র।
iv) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
ঘ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।
ঙ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।
চ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।
ছ) প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি, সময় পরিবর্তন কিংবা এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন/ সংযোজন/ বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

১৫। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।

১৬। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৮। ২০১০ শিক্ষাবর্ষ হতে অষ্টম শ্রেণী পাস এর শিক্ষাগত যোগ্যতার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট বোর্ডের ইস্যুকৃত সনদপত্র (জেএসসি ও সমমান) ব্যতীত অন্য কোন সনদ গ্রহণযোগ্য নয়।

১৯। বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত অন্যান্য তথ্য সময়ে সময়ে কিশোরগঞ্জ জেলার ওয়েবপোর্টাল (www.kishoreganj.gov.bd) এ প্রচার করা হবে।

**২০। উল্লেখ্য যে, অত্রাফিসের বিগত ১৫ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখের ৩১.১২.৪৮০০.০০৭.১০.০১৮.১৯-২২৮০ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ট্রেসার, অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**২১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dckishoreganj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ০১/০৯/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

ii. Online আবেদনপত্র ও পরীক্ষার জমাদানের শেষ তারিখঃ ৩০/০৯/২০২২ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই)টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১-৭ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা, ৮ ও ৯ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলী:**

**প্রথম SMS: DCKISHOREGANJ**<space>**<User ID>** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCKISHOREGANJ ABCDEF** send to 16222.

Reply: Applicant's Name, Tk 112/56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCKISHOREGANJ <space> Yes <space> PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS: DCKISHOREGANJ** <space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCKISHOREGANJ YES** 12345678 & send to 16222

Reply: Congratulation's! Applicant's Name, Payment completed successfully for DCKISHOREGANJ Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxx)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ password পাবেন।

(চ) SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যতে প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://dckishoreganj.teletalk.com.bd) অথবা কিশোরগঞ্জ জেলার ওয়েবপোর্টাল (www.kishoreganj.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে।

(ঞ) Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে **DCKISHOREGANJ** <space> **Help**<space>**User**<space>**User ID** Send to16222.

Example: **DCKISHOREGANJ Help User ABCDEF** & send to 16222.

ii. PIN জানা থাকলে **DCKISHOREGANJ** <space> **Help**<space>**PIN**<space> **PIN Number** & send to 16222

Example: **DCKISHOREGANJ Help PIN 12345678** & send to 16222.

(ট) অনলাইনে আবেদন ও টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dckishoreganj@mopa.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DCKISHOREGANJ, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ড) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কিশোরগঞ্জ জেলার ওয়েবপোর্টাল (www.kishoreganj.gov.bd), http://dckishoreganj.teletalk.com.bd এবং QR কোড স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd) এ পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.kishoreganj.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঢ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

••• শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ করার পরামর্শ দেয়া হলো।

২৬/০৭/২০২২

(মোহাম্মদ শামীম আলম)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন নং: ০২৯৯৭৭৬১৪৯৩ (অফিস)
ফ্যাক্স : ০২৯৯৭৭৬১৪৭৭ (অফিস)
E-mail : dckishoreganj@mopa.gov.bd

স্মারক নং : ৩১.১২.৪৮০০.০০৭.১০.০২৫.২২-১৮২৭/১ (১২০) তারিখ: ২৬/০৭/ ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৭। ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা বিভাগ, ঢাকা।
০৮। জেলা প্রশাসক ..............................................(সকল)।
০৯। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১১। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
১২। উপপরিচালক (স্থানীয় সরকার), কিশোরগঞ্জ।
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ শিক্ষা ও আইসিটি/ সার্বিক/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), কিশোরগঞ্জ।
১৪। উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল), কিশোরগঞ্জ। (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
১৬। সহকারী কমিশনার (ভূমি),...................................(সকল), কিশোরগঞ্জ। (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৭। সহকারী কমিশনার.....................................................জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
১৮। জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ। (বিজ্ঞপ্তিটি মাইকযোগে জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৯। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কিশোরগঞ্জ।
২০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,.........................................উক্ত বিজ্ঞাপনটি ০৪/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে (৩৩X৪) ইঞ্চি সাইজের পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৩(তিন) কপি জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং নং- ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা- ১২১২ (তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
২৩। নোটিশ বোর্ড/অফিস কপি।

২৬/০৭/২০২২

(মোহাম্মদ শামীম আলম)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ